

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কল্যাণ-১ শাখা
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

নং- ৪৯.০০.০০০০.০২৪.১৩.০০৫.২৩. ৬৮

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ


বিষয়: প্রবাসে অবস্থানরত বাংলাদেশিদের সর্বজনীন পেনশনের 'প্রবাস' স্কীমে চাঁদা প্রদান সহজীকরণ।

সূত্র: জাতীয় পেনশন কর্তৃপক্ষ এর স্মারক নং-০৭.০৪.০০০০.০০১.১৮.০০৩.২৩-২৪১; তারিখ: ২৮/০২/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসী বাংলাদেশিদের ভবিষ্যত আর্থিক নিরাপত্তার জন্য সর্বজনীন পেনশন স্কিমের আওতায় 'প্রবাস' স্কিম চালু করা হয়েছে। পেমেন্ট সংক্রান্ত জটিলতার কারণে প্রবাসীরা এ স্কীমে কাজিতমাত্রায় নিবন্ধন করতে পারছেন না। জাতীয় পেনশন কর্তৃপক্ষ কর্তৃক 'প্রবাস' স্কিমে ডেবিড কার্ড বা ক্রেডিট কার্ডের মাধ্যমে মাসিক চাঁদা পরিশোধের পাশাপাশি সংশ্লিষ্ট ব্যক্তি বাংলাদেশে যে ব্যাংক একাউন্টে রেমিট্যান্স প্রেরণ করেন সে একাউন্ট থেকে পেনশন স্কিমের চাঁদার টাকা পরিশোধ করতে পারবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। এমতাবস্থায়, প্রবাস স্কিমের চাঁদা প্রদান সহজীকরণের সিদ্ধান্তসহ 'প্রবাস' স্কিম সম্পর্কে প্রবাসী বাংলাদেশিদের মাঝে ব্যাপকভাবে প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শ্রম কল্যাণ উইং (সকল)


মো: সারওয়ার আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৪১০৩০২৫১

Email-saswelfare@probashi.gov.bd

অনুলিপি : (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- ০২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- ০৩। সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ (জাতীয় পেনশন কর্তৃপক্ষে সংযুক্ত), জাতীয় পেনশন কর্তৃপক্ষ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। যুগ্মসচিব (মিশন ও কল্যাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- ০৫। অফিস কপি